গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নম্বর-প্রাগম/বিদ্যা-১/ট্রাস্ট-৭(অংশ-১)/০৮-৭০০

তারিখ: ২৮ বৈশাখ ১৪১৭ / ১১ এপ্রিল ২০১০

প্রজ্ঞাপন

১। সংক্ষিপ্ত শিরোনাম

এই বিধিমালা ' শিশু কল্যাণ ট্রাস্ট কর্মকর্তা/শিক্ষক/কর্মচারী (চাকুরী ও ছুটি) বিধিমালা ২০১০' নামে অভিহিত হইবে।

২। প্রয়োগ

শিশু কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারী এবং দেশের সকল এলাকায় অবস্থিত শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে উহা প্রযোজ্য হইবে।

৩। সংজ্ঞা

এ বিষয়ে বিপরীত মর্মে অন্য কিছু না থাকিলে এই বিধিমালাতে :

(ক) 'নিয়োগকারী কর্তৃপক্ষ' বলিতে ট্রাস্টি বোর্ডকে বুঝাইবে; তবে শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে ঢাকা ও নারায়ণগঞ্জ ব্যতীত সংশ্লিষ্ট বিদ্যালয়ের পরিচালনা কমিটিকে বুঝাইবে। ঢাকা ও নারায়ণগঞ্জের ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্ধারিত কমিটিকে বুঝাইবে;

(খ) 'আপীল কর্তৃপক্ষ' বলিতে ট্রাস্টের নির্বাহী কমিটিকে বুঝাইবে;

(গ) 'বেতন' বলিতে মূলবেতনের সঙ্গে ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত ভাতা ও অন্যান্য সুবিধাদিসহ প্রাপ্ত সমুদয় অর্থকে বুঝাইবে;

(ঘ) 'বিদ্যালয়' বলিতে শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়কে বুঝাইবে;

(ঙ) 'প্রধান শিক্ষক' বলিতে শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষক অথবা দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষককে বুঝাইবে;

(চ) 'সহকারী শিক্ষক' বলিতে শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষককে বুঝাইবে; এবং

(ছ) 'সরকার' বলিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে বুঝাইবে।

৪। নিয়োগ

সরাসরি নিয়োগ

(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে নিম্নবর্ণিত পন্থায় ট্রাস্টের কর্মকর্তা/শিক্ষক কর্মচারী নিয়োগ করা যাইবে-

(ক) কোনো ব্যক্তি কোনো পদে সরাসরি নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি বাংলাদেশের নাগরিক না হন;

(খ) তফসিলে বর্ণিত যোগ্যতা না থাকিলে কোনো ব্যক্তিকে কোনো পদে নিযুক্ত করা যাইবে না;

(গ) কোনো পদেই সরাসরি নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে নির্বাহী কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা-পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন করিবেন;

(ঘ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদ উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে পূরণ করা হইবে এবং ট্রাস্টি বোর্ড কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগ করা হইবে;

(ঙ) (১) সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ৬ (ছয়) মাস পর্যন্ত শিক্ষানবিশ হিসাবে কর্তব্যরত থাকিবেন, তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া যে কোনো ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অতিরিক্ত অনূর্ধ ছয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবেন;

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে স্থায়ী করা হইবে না যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদকাল সমাপ্ত করেন।

শিক্ষানবিশকালে সন্তোষজনক অগ্রগতি প্রদর্শনে ব্যর্থ হন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, শিক্ষক হিসাবে তাঁহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে এবং তিনি স্বীয় মানোন্নয়নে সমর্থ হইবেন না, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁহাকে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরিচ্যুত করিতে পারিবেন। এইরূপ চাকুরীচ্যুতির ক্ষেত্রে ট্রাস্টি বোর্ডের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) পদোন্নতির মাধ্যমে নিয়োগ
যোগ্যতা থাকা সাপেক্ষে প্রধান শিক্ষকের শূন্যপদে সহকারী শিক্ষকগণ পদোন্নতির জন্য তফসিল অনুসারে বিবেচিত হইবেন।

(৩) প্রেষণে নিয়োগ
সরকার যে কোনো উপযুক্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীকে প্রেষণে নিয়োগদান করিতে পারিবে।

(৪) চুক্তিভিত্তিক নিয়োগ
তফসিলে বর্ণিত পদগুলিতে সরকার যোগ্য ব্যক্তিকে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করিতে পারিবেন। চুক্তিভিত্তিক কর্মকর্তা-কর্মচারীগণের চাকুরী চুক্তিতে উল্লিখিত শর্তসমূহ এবং এই চাকুরী বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

৫। চাকুরী স্থায়ীকরণ

নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, চাকুরী প্রাপ্তির পর দুই বৎসর কর্মকর্তা-কর্মচারীর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে তাঁহার চাকুরী স্থায়ী করিবে। কমপক্ষে ২ (দুই) বৎসর সন্তোষজনকভাবে চাকুরী করিবার পরে কর্মকর্তা-কর্মচারীর চাকুরী স্থায়ী করার বিষয়টি বিবেচনা করা হইবে।

৬। বেতন ও ভাতা

(ক) কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও ভাতা তফসিলে বর্ণিতরূপে নির্ধারিত হইবে। সরকার কর্তৃক বেতন স্কেল পরিবর্তন করা হইলে, শিশু কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের বেতন স্কেলও পরিবর্তিত হইবে।

৭। চাকুরীর সুযোগ সুবিধা :

(ক) কর্মকর্তা/কর্মচারীগণ সরকারি নিয়মে বেতনভাতা ও অন্যান্য সুযোগসুবিধা প্রাপ্য হইবেন। তবে ট্রাস্ট জনস্বার্থে বা প্রতিষ্ঠানের স্বার্থে কর্মকর্তা/কর্মচারীদের বিশেষ সুবিধাদি প্রদান করিতে পারিবে।

(খ) চতুর্থ শ্রেণীর কর্মচারী ও ড্রাইভারগণ সরকারি বিধি মোতাবেক লিভারিজ প্রাপ্য হইবে;

(গ) শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের বেতন স্কেল ও ভাতা রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের জন্য প্রযোজ্য স্কেল ও ভাতা অনুযায়ী নির্ধারিত হইবে।

৮। শিক্ষকের দায়িত্ব ও কর্তব্য

(ক) কারিকুলাম, সিলেবাস এবং ক্লাস রুটিন অনুসারে পাঠ-নোট, দল বা গ্রুপভিত্তিক আলোচনা, শিক্ষা উপকরণ প্রদর্শন ও কলাকৌশল প্রয়োগের মাধ্যমে শিক্ষার্থীদের শিক্ষাদান;

(খ) হোম ভিজিটের মাধ্যমে শিক্ষার্থী ভর্তি বৃদ্ধি, উপস্থিতি নিশ্চিতকরণ ও ঝরিয়া পড়া রোধ কার্যক্রম গ্রহণ;

(গ) পরীক্ষা গ্রহণ ও শিক্ষা সহগামী অন্যান্য কার্যক্রমে বিদ্যালয় কর্তৃপক্ষকে সহায়তা করা;

(ঘ) পরিচালনা কমিটি অথবা প্রধান শিক্ষক কর্তৃক বিদ্যালয়ের স্বার্থে বিভিন্ন সময়ে অর্পিত দায়িত্ব পালন;

(ঙ) বিভিন্ন সময়ে শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক অর্পিত ও নির্দেশিত দায়িত্ব পালন; এবং মাসিক রিপোর্ট/রিটার্ন প্রস্তুত ও প্রেরণ।

৯। শৃঙ্খলা বিষয়ক :

(ক) কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীদের শৃঙ্খলাজনিত বিষয়াদি সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য ১৯৭৯ সালের আচরণ বিধি এবং ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি অনুযায়ী নিষ্পত্তি হইবে।

(খ) শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের ক্ষেত্রে রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য জারিকৃত বিধানাবলী প্রযোজ্য হইবে।

১০। জ্যেষ্ঠতা
জ্যেষ্ঠতা নির্ধারণে সরকারি প্রচলিত বিধানাবলী অনুসরণ করা হইবে।

১১। **পদোন্নতি**

ট্রাস্টের কোন কর্মকর্তা/কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১২। **ছুটি**

সরকার নির্ধারিত 'ছুটি বিধিমালা, ১৯৫৯' অনুযায়ী ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীগণ ছুটি প্রাপ্য হইবেন। তবে শিক্ষকগণ সরকারি বিধিমালা অনুযায়ী রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ন্যায় ছুটি পাইবেন।

১৩। **চাকুরী সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ**

পৃথক পৃথক ভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরীর বৃত্তান্ত রক্ষণাবেক্ষণ করা হইবে এবং ট্রাস্টের পরিচালক চাকুরীর বহি সংরক্ষণ করিবেন।

১৪। **ভবিষ্য তহবিল**

(ক) ভবিষ্য তহবিল ট্রাস্টের সকল কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রযোজ্য হইবে। ট্রাস্টের সকল কর্মকর্তা-কর্মচারী যাহাদের চাকুরি স্থায়ী করা হইয়াছে তাহারাই এই ভবিষ্য তহবিলে সদস্য হইবেন;

(খ) ভবিষ্য তহবিল হইতে যথাযথ কর্তৃপক্ষ ঋণ মঞ্জুর করিতে পারিবেন। অগ্রিম মঞ্জুরি আদায়ের ক্ষেত্রে প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯'-এর বিধানাবলি কার্যকর হইবে। অগ্রিমের জন্য তহবিলে সঞ্চিত অর্থ বলিতে বুঝাইবে চাঁদা দাতার প্রদত্ত চাঁদা ও উহার সুদ; তবে ইহা দ্বারা কন্ট্রিবিউশনের উপর প্রদেয় সুদকে বুঝাইবে না;

(গ) কর্মকর্তা/কর্মচারি চাকুরি ত্যাগ করিলে বা মৃত্যুবরণ করিলে তহবিলের অর্থ একসাথে প্রদেয় হইবে;

(ঘ) প্রতিমাসে কর্মকর্তা/কর্মচারীদের মূলবেতনের শতকরা ১০ ভাগ এই ভবিষ্য তহবিলের উদ্দেশ্যে কর্তন করিয়া তাঁহার খাতে জমা করা হইবে এবং ট্রাস্ট কর্তৃক সমপরিমাণ অর্থ প্রতিমাসে প্রত্যেক কর্মচারীর খাতে ভবিষ্য তহবিলে জমা দেওয়া হইবে;

(ঙ) এই ভবিষ্য তহবিল পরিচালনা ও নিয়ন্ত্রণ করিবার জন্য এতদুদ্দেশ্যে গঠিত কমিটি সুনির্দিষ্ট বিধিমালা প্রণয়ন করিবেন।

১৫। **আনুতোষিক**

(১) নিম্নোক্ত কোন কর্মচারী আনুতোষিক পাইবেন, যথা:

(ক) যিনি কমপক্ষে ১০ (দশ) বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন এবং শাস্তিস্বরূপ চাকুরী হইতে বরখাস্ত, পদচ্যুত বা অপসারিত হন নাই;

(খ) যিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে চাকুরী হইতে পদত্যাগ বা চাকুরী ত্যাগ করেন নাই;

(গ) চাকুরীকাল ১০ (দশ) বৎসর পূর্ণ হওয়ার পূর্বে নিম্নের যে কোন কারণে কোন কর্মচারীর চাকুরীর অবসান হইলে;

১. তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন সেই পদ বিলুপ্ত অথবা পদসংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাটাই হইলে;

২. সম্পূর্ণ বা আংশিক অসামর্থ্যের কারণে তাঁহাকে চাকুরী হইতে বরখাস্ত করা হইলে;

৩. চাকুরীতে থাকাকালে তিনি মৃত্যুবরণ করিলে;

(ঘ) সর্বশেষ গৃহীত বেতন আনুতোষিক গণনার মূলভিত্তি হইবে;

(ঙ) কোন কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোষিক প্রাপ্য হইলে, যাহাতে তাহার মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণ তাহা পাইবার অধিকারী হন তাহার জন্য প্রত্যেক কর্মচারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিবেন;

(চ) কোন কর্মচারী উপ-বিধি (ঙ) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে তাঁহার মনোনয়নপত্রে তাহাদেরকে প্রদেয় অংশ এইরূপভাবে উল্লেখ করিবেন, যেন আনুতোষিকের সম্পূর্ণ টাকা তাহাতে অন্তর্ভুক্ত হয় এবং যদি এইরূপ উল্লেখ করা না হয়, তবে তাঁহার টাকার পরিমাণ সমান অংশে ভাগ করা হইবে;

(ছ) কোন কর্মচারী যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়ন পত্র বাতিল করিতে পারিবে এবং এইরূপ করিবার সময়ে, উক্ত নোটিশের সাথে উপরোক্ত উপবিধি (ঙ) ও (চ) অনুসারে একটি নতুন মনোনয়নপত্র প্রেরণ করিবেন;

(জ) কোন মনোনয়নপত্র না থাকিলে কর্মচারীর মৃত্যুর পর তাঁহার আনুতোষিকের টাকা উত্তরাধিকার প্রমাণপত্রের ভিত্তিতে তাঁহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।

(ঝ) সরকারি বিধি-বিধানের আলোকে ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্তমতে আনুতোষিক হার ও পরিমাণ নির্ধারিত হইবে।

১৬। অবসর গ্রহণ

শিশু কল্যাণ ট্রাস্ট এর কর্মকর্তা-কর্মচারীগণ ৫৭ বছরে অবসরে যাবেন।

১৭। ছুটি নগদায়ন

৫৭ বৎসর বয়স পূর্তিতে অবসরে গেলে একজন কর্মকর্তা-কর্মচারী তাঁহার জমাকৃত অর্জিত ছুটির জন্য সর্বশেষ আহরিত মূলবেতনের হারে সর্বাধিক ১২ (বার) মাসের বেতনের সমপরিমাণ টাকা এককালীন প্রাপ্য হইবেন।

১৮। শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের অবসরকালীন সুযোগ-সুবিধা

শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীগণ ৫৭ বছরে অবসরে যাবেন। রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের চাকরি সংক্রান্ত নীতিমালা শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের ক্ষেত্রেও অনুসরণ করা হইবে। এছাড়াও রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ন্যায় শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণও নিজস্ব অনুদানে একটি কল্যাণ তহবিল গঠন করিতে পারিবেন। উক্ত তহবিলের লভ্যাংশ এবং সরকারি অনুদান পাওয়া গেলে তাহার লভ্যাংশ দ্বারা শিক্ষকগণকে অবসরকালীন বা মৃত্যুকালীন সুবিধা প্রদান করা যাইতে পারে।

১৯। চাকুরীর অবসান

উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া এবং ১ (এক) মাসের নোটিশ প্রদান করিয়া অথবা নোটিশের পরিবর্তে (এক) মাসের বেতন প্রদান করিয়া কোন শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং শিক্ষানবিশ তাঁহার চাকুরী অবসানের কারণে কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না। কোন শিক্ষানবিশ তাঁহার অভিপ্রায় উল্লেখপূর্বক ১ (এক) মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাঁহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থ হইলে সেই ক্ষেত্রে তিনি বোর্ডকে তাঁহার ১ (এক) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

২০। চাকুরী হইতে পদত্যাগ/অব্যাহতি

(১) কোন কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষক উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাঁহার অভিপ্রায় উল্লেখপূর্বক ২(দুই) মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না। এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থ হইলে তিনি বোর্ডকে তাঁহার ২ (দুই) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদানে বাধ্য থাকিবেন।

(২) কোন কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইলে তিনি ট্রাস্টের চাকুরী হইতে পদত্যাগ করিতে পারিবেন না।

(৩) স্বাস্থ্যগত কারণে শিক্ষকতা পেশায় অনুপযুক্ত বিবেচিত হইলে অথবা বিদ্যালয়ের আর্থিক গুরুতর অনিয়মের কারণে বিদ্যালয় পরিচালনা কমিটি উক্ত শিক্ষককে চাকুরী হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবেন।

স্বাক্ষরিত/-
চেয়ারপারসন
শিশু কল্যাণ ট্রাস্ট

নম্বর-প্রাগম/বিদ্যা-১/ট্রাস্ট-৭(অংশ-১)/০৮-৭০০

২৮ বৈশাখ ১৪১৭
তারিখ:------------------
১১ এপ্রিল ২০১০

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
০৭। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
০৮। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
০৯। মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
(মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
(প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

E:\A_Rules_2009\Trast_7_Part-1_08.doc

১১। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
১২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধ ও এ মন্ত্রণালয়ে অতিরিক্ত ২০০ (দুইশত) কপি সরবরাহের অনুরোধসহ।)
১৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় - সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৪। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় – অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৫। অফিস কপি।

(সারোয়ার মাহমুদ)
উপ-সচিব
ফোনঃ ০২-৭১৬ ৭৭ ১৮
ফ্যাক্সঃ ০২-৭১৬ ৮৮ ৭১